

## কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির জুন/২০২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	ঃ মোঃ সোহেল আহম্মদ ভূঞা, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপগঞ্জ
স্থান	ঃ- উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
তারিখ	ঃ- ২৩/০৬/২০২২খ্রিঃ।
সময়ঃ- বেলা	ঃ- ১১.০০ ঘটিকা।

### আলোচ্য বিষয়ঃ

- ১। প্রণোদনা কর্মসূচীর আওতায় রোপা আমন ধানের উপকরণ সরবরাহ বিষয়ক আলোচনা।
- ২। খরিপ-২ মৌসুমে আবাদকৃত ফসলের সমস্যা ও সমাধান বিষয়ক আলোচনা।
- ৩। এডিপি'র/জাইকার অর্থায়নে কৃষক প্রশিক্ষণ।
- ৪। সারের মজুদ পরিস্থিতি
- ৫। আউশ ধান আবাদ
- ৬। বিবিধ

### উপস্থিত সদস্য

### স্বাক্ষর

১। চেয়ারম্যান, মুড়াপাড়া ইউনিয়ন পরিষদ, মুড়াপাড়া,	সদস্য	স্বাক্ষরিত
২। চেয়ারম্যান, ভুলতা ইউনিয়ন পরিষদ, ভুলতা	সদস্য	"
৩। চেয়ারম্যান, রূপগঞ্জ ইউনিয়ন পরিষদ, রূপগঞ্জ	সদস্য	"
৪। উপজেলা কৃষি অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।	সদস্য সচিব	"

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সদস্য সচিব জনাব ফাতেহা নূর উপজেলা কৃষি অফিসার, রূপগঞ্জ, নারায়ণগঞ্জকে আলোচ্য সূচী উপস্থাপনসহ আলোচনা করার আহবান জানান।

সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সভাকে জানান যে, রূপগঞ্জ উপজেলায় ৫০০ জন/বিঘা রোপা আমন ধানের প্রনোদনা প্রদান করা হয়েছে। শীঘ্রই কর্মসূচীর কৃষি উপকরণ সরবরাহ করা হবে। বর্তমানে বাংলাদেশ কৃষি খাতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। নতুন নতুন ফসলের জাত ও প্রযুক্তি বিষয়ে কৃষকদের প্রশিক্ষণের মাধ্যমে সম্প্রসারিত করা প্রয়োজন। রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক সার বিক্রয় মজুদ পরিস্থিতি নিশ্চিত করার জন্য মনিটরিং অব্যাহত রয়েছে। আউশ ধান আবাদ করা হয়েছে। ১৫০০ হেক্টর জমিতে গ্রীষ্মকালীন সবজি আবাদ করা হয়েছে। রোপা আমন ধানের বীজতলা তৈরি জন্য কার্যক্রম চলমান রয়েছে।

অতপর সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। তারা মত প্রকাশ করেন যে, কৃষিখাতে এডিপি'র/জাইকার অর্থায়ন বৃদ্ধি করা প্রয়োজন। কৃষকদের উদ্বুদ্ধকরণ, উপকরণ সরবরাহ এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সেচতন করা। এ বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ ও উপকরণ সরবরাহ করা যেতে পারে বলে মত প্রকাশ করেন।